# এস এস সি -২০১৫ নমুনা প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

## পৌরনীতি ও নাগরিকতা

### ( সৃজনশীল প্রশ্ন )

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট  পূর্ণমান — ৬০

*[বিশেষ দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিম্নে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান– ১০]*

**১.** তাহমিনা ৯ম শ্রেণির ছাত্রী। সে ৯ম শ্রেণিতে উঠে প্রথম দিন মানবিকের ক্লাস চলাকালীন শিক্ষক নাগরিকতা, সুনাগরিকের গুণাবলি, নাগরিকের অধিকার ও কর্তব্য প্রভৃতির ওপর আলোচনা করেছিলেন। ক্লাস শেষে তাহমিনার মনে হলো একজন নাগরিক হিসেবে প্রত্যেকেরই এই বিষয়ে জ্ঞান থাকা দরকার।

ক. ব্যাপক অর্থে পৌরনীতি কী? ১

খ. রাষ্ট্রের উপাদান হিসেবে 'সরকার' এর গুরুত্ব লিখ। ২

গ. উদ্দীপকের শিক্ষক যে বিষয়ে পড়াচ্ছিলেন তার বিষয়বস্তু আলোচনা করো। ৩

ঘ. তাহমিনার মতো তুমিও কি মনে কর যে নাগরিক হিসেবে প্রত্যেকেরই এই বিষয়ে জ্ঞান থাকা দরকার? যুক্তি সহকারে বুঝিয়ে লিখ। ৪

**২.** দক্ষিণ এশিয়ার বৌদ্ধ জনগোষ্ঠী অধ্যুষিত দেশ মায়ানমার। এদেশে প্রায় ৮ লক্ষ মুসলিম রোহিঙ্গা বসবাস করলেও তাদের নিজস্ব স্বাধীনতা বলতে কিছুই নেই। মায়ানমারের পশ্চিমাঞ্চলে বসবাসরত রোহিঙ্গা সংখ্যালঘু জনগোষ্ঠীকে এদেশের অবৈধ অভিবাসী হিসেবে উল্লেখ করা হয়। সম্প্রতি সংখ্যাগরিষ্ঠ বৌদ্ধ ও সংখ্যালঘু রোহিঙ্গাদের মধ্যে জাতিগত দাঙ্গার সূত্রপাত ঘটলে রোহিঙ্গাদের স্বাধীনতা যেমন বিপর্যস্ত হয়েছে তেমনি এদেশের জাতীয় স্বাধীনতাও সংকটের মুখে পতিত হয়েছে।

ক. আইন কী? ১

খ. আইনের শাসনের গুরুত্ব ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সাম্প্রতিক সময়ের জাতিগত দাঙ্গার ফলে রোহিঙ্গাদের ক্ষেত্রে কী ধরনের স্বাধীনতার বিপর্যয় ঘটেছে? তা আলোচনা করো। ৩

ঘ. রোহিঙ্গা জনগোষ্ঠীর স্বাধীনতা রক্ষার উপায় হিসেবে কোন ধরনের পদক্ষেপ অধিক কার্যকর বলে মনে করো? তা- বিশ্লেষণ করো। ৪

৩. রাকিবের সাথে ডেভিড নামে একটি ছেলের পরিচয় হয় ফেসবুকে। তারা দুজন দুজনার রাষ্ট্র ব্যবস্থার বৈশিষ্ট্য তুলে ধরে। রাকিবের রাষ্ট্রে জনগণ রাষ্ট্র পরিচালনায় সরাসরি অংশগ্রহণ করে। কিন্তু ডেভিডের রাষ্ট্রে জনগণের কোনো ক্ষমতা নেই। সরকারপ্রধানই সর্বময় ক্ষমতার উৎস। এ কথা শুনে রাকিব অবাক হয়ে বলে, আমাদের রাষ্ট্রে আমরাই সকল ক্ষমতার উৎস।

ক. কিউবা কোন ধরনের রাষ্ট্র? ১

খ. যুক্তরাষ্ট্র বলতে কি বুঝায়? ২

গ. ডেভিডের রাষ্ট্রটি কোন ধরনের রাষ্ট্র? ব্যাখ্যা করো। ৩

ঘ. আমাদের রাষ্ট্রে আমরাই সকল ক্ষমতার উৎস– রাকিবের রাষ্ট্রের ক্ষেত্রে এ উক্তিটি কি সত্য? বিশ্লেষণ কর। ৪

৪. আকাশ তার বন্ধু ফিরোজকে বলল, বিশ্বের প্রতিটি রাষ্ট্র পরিচালনার জন্যে একটি নীতিমালা থাকে, যার মাধ্যমে রাষ্ট্র পরিচালিত হয়। ফিরোজ বলল, এর মাধ্যমে একটি দেশ কেমন তা জানা যায় এবং জনগণের স্বাধীনতা ও অধিকার রক্ষিত হয়। তাই এটাকে উত্তমরূপে প্রণয়ন করা উচিত।

ক. কোন সংবিধান সমাজের প্রগতির সাথে তাল মিলিয়ে পরিবর্তন করা যায়? ১

খ. উত্তম সংবিধানের সংশোধন পদ্ধতি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে যে বিষয়টির ইঙ্গিত করা হয়েছে তা উত্তম হিসেবে পরিগণিত হওয়ার উপায় বর্ণনা করো। ৩

ঘ. তুমি কি মনে করো বাংলাদেশে উক্ত বিষয়ের নীতিমালাগুলো উত্তম? উত্তরের সপক্ষে তোমার যুক্তি দেখাও। ৪

৫. ১৬ সেপ্টেম্বর ২০১২ সংবিধানের ত্রয়োদশ সংশোধনী বাতিলের মাধ্যমে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বাতিল করে বাংলাদেশের সর্বোচ্চ আদালত। বাংলাদেশের সাবেক প্রধান বিচারপতি এবিএম খায়রুল হকের নেতৃত্বাধীন সাত সদস্যের আপিল বিভাগ পূর্ণাঙ্গ রায় প্রকাশের মাধ্যমে সংবিধানের এই সংশোধনী বাতিল ও বিলুপ্ত ঘোষণা করে।

ক. মন্ত্রীর প্রধান কাজ কী? ১

খ. মন্ত্রিপরিষদ বৈদেশিক নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে– ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের উল্লিখিত আলোচনায় সরকারের যে বিভাগের কার্যাবলি বর্ণিত হয়েছে তা আলোচনা করো। ৩

ঘ. উক্ত বিভাগের সর্বোচ্চ আদালতের বিচারপতিদের নিয়োগ ও যোগ্যতার মানদণ্ড বিশ্লেষণ করো। ৪

৬. সম্প্রতি ২০ ডিসেম্বর ২০১১ সরকার রোজিনা রাজ্জাককে বাংলাদেশের গ্রামভিত্তিক স্থানীয় সরকারব্যবস্থার সর্বোচ্চ স্তরে রাজনৈতিক প্রশাসক হিসেবে নিয়োগ দেন। তিনি দায়িত্ব পালন করলেও তার পদমর্যাদা এখনও সরকারি প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত হয় নি।

ক. উপজেলা পরিষদের কার্যকাল কয় বছর? ১

খ. ইউনিয়ন পরিষদের আয়ের প্রধান উৎস বর্ণনা করো। ২

গ. উদ্দীপকের আলোচনায় যে প্রশাসনিক স্তর সম্পর্কে বলা হয়েছে সেটির বর্ণনা করো। ৩

ঘ. উক্ত প্রশাসনিক স্তরটিকে তুমি কীভাবে মূল্যায়ন করবে? ৪

৭. রুমা ও রুবেল দুই ভাই-বোন। রুবেল খুলনা মেডিকেল কলেজে আর রুমা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পায়। মা-বাবা রুবেলকে মেডিকেলে ভর্তি করালেও খরচের অজুহাত দেখিয়ে রুমাকে বিয়ে দেন। রুমার স্বামী ছিল অর্থলোভী। তাই যৌতুকের জন্য তার স্বামী প্রায়ই নির্যাতন করত। নির্যাতন সহ্য করতে না পেরে রুমা অবশেষে আইনের আশ্রয় নেয় এবং স্বামীকে পুলিশের কাছে ধরিয়ে দেয়।

ক. নারী নির্যাতন কী? ১

খ. নারী নির্যাতন প্রতিরোধে আইন প্রয়োগকারী সংস্থার ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. রুমার জীবনে ঘটে যাওয়া ঘটনাগুলো নারী নির্যাতনের অন্তর্ভুক্ত কি না? ব্যাখ্যা করো। ৩

ঘ. রুমার নেওয়া পদক্ষেপ ছাড়া আর কি কি পদক্ষেপ নারী নির্যাতন প্রতিরোধে আবশ্যক বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৮. নির্বাচন কর্মকর্তা জনাব আবু করিম একটি ইউনিয়ন পরিষদ নির্বাচন প্রাক্কালে মাঠ পর্যায়ের নির্বাচন কর্মকর্তাদের নিয়ে একটি কর্মশালায় মিলিত হন। প্রসঙ্গক্রমে তিনি একটি দেশের প্রথম সাধারণ নির্বাচনের কিছু স্মৃতিচারণ করেন। তিনি বলেন ঐ নির্বাচনটি প্রাপ্তবয়স্ক এবং ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলের ভোটাধিকারের ভিত্তিতে অনুষ্ঠিত হয়েছিল। দু'দফার এই নির্বাচনে একটি রাজনৈতিক দলের প্রচারণার মূল বিষয়বস্তু ছিল শক্তিশালী কেন্দ্র, ইসলামি সমাজতন্ত্র এবং অব্যাহত ভারত বিরোধিতা।

ক. বাংলাদেশ সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীনতাপ্রাপ্ত তৃতীয় বিশ্বের কত নম্বর দেশ? ১

খ. 'বৈদেশিক মুদ্রা অর্জনের হিসাব সংক্রান্ত ছয় দফা দাবিটি ব্যাখ্যা করো। ২

গ. জনাব আবু করিম সাহেবের স্মৃতিচারণকৃত নির্বাচনটির ব্যাখ্যা দাও। ৩

ঘ. উক্ত নির্বাচনের ফলাফল বিশ্লেষণ করো। ৪

৯. আনোয়ারুল করিম চৌধুরী বাংলাদেশের একজন স্বনামধন্য কূটনৈতিক। তিনি জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেন। এ সময়ে তিনি জাতিসংঘের মহাসচিব নিয়োগকারী পরিষদের সভাপতির দায়িত্ব পালন করেছিলেন। পাশাপাশি ২০০০-২০০১ সালে জাতিসংঘের শাসন বিভাগের সভাপতির দায়িত্ব পালন করেছিলেন। জাতিসংঘে তার ভূমিকার ভূয়সী প্রশংসা করেছেন মহাসচিব বান কি মুন।

ক. কত সালে মিয়ানমারের সাথে বাংলাদেশের সমুদ্রসীমা বিরোধের নিষ্পত্তি হয়? ১

খ. আন্তর্জাতিক আদালত গঠিত হয় কীভাবে? ২

গ. আনোয়ারুল করিম চৌধুরী প্রথমে জাতিসংঘের কোন শাখায় সভাপতির দায়িত্ব পালন করেছিলেন? সে পরিষদ সম্পর্কে ধারণা দাও। ৩

ঘ. আনোয়ারুল করিম চৌধুরী ২০০০-২০০১ সালে জাতিসংঘের যে পরিষদের সভাপতির দায়িত্ব পালন করেছিলেন, সে পরিষদের কার্যাবলি বিশ্লেষণ করো। ৪

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

# এস এস সি পরীক্ষা-২০১৫ নমুনা প্রশ্ন

## পৌরনীতি ও নাগরিকতা

সময় — ৪০ মিনিট **(বহুনির্বাচনি অভীক্ষা)** মান — ৪০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **Civis ও Civitas কোন ভাষার শব্দ?**
ক ইংরেজি খ জার্মান
গ ল্যাটিন ঘ রোমান

**উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
রুবেল দশম শ্রেণির ছাত্র। তার পরিবারে বাবা মা ছাড়াও দাদা-দাদি, চাচা-চাচি ও ফুফু বাস করে। রুবেলের বন্ধু অপু বাবা-মায়ের একমাত্র সন্তান। অপুর বাবা-মা চাকুরীজীবী তাই সে মাঝে মাঝে নিসঙ্গতায় ভোগে।

২. **পারিবারিক কাঠামোর ভিত্তিতে রুবেলের পরিবার কোন ধরনের?**
ক একক খ যৌথ
গ পিতৃতান্ত্রিক ঘ এক পত্নীক

৩. **অপুর মানসিক বিকাশের জন্য প্রয়োজন—**
i. শান্তি
ii. সৌহার্দের
iii. শৃঙ্খলাবোধ
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৪. **'সমাজে বসবাসকারী জনগণের পারস্পরিক চুক্তির ফলে রাষ্ট্রের জন্ম হয়েছে'— এটি কোন মতবাদের মূলকথা?**
ক ঐশী
খ সামাজিক চুক্তি
গ বল বা শক্তি প্রয়োগ
ঘ ঐতিহাসিক

৫. **আইনগত অধিকার কত প্রকার?**
ক ৩ প্রকার খ ৪ প্রকার
গ ৫ প্রকার ঘ ৬ প্রকার

৬. **একটি রাষ্ট্রে কারা রাজনৈতিক অধিকার ভোগ করতে পারে না?**
ক নাগরিক খ শিশু
গ উন্মাদ ঘ বিদেশি

৭. **প্রয়োজনবোধে নিজের জীবন উৎসর্গ করা যায়—**
i. রাষ্ট্রের অস্তিত্ব রক্ষার জন্য
ii. রাষ্ট্রের সংহতি লাভের জন্য
iii. রাষ্ট্রের সমৃদ্ধি লাভের জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৮. **প্রথা কী?**
ক সাংবিধানিক বিধিবদ্ধ আইন
খ দীর্ঘকাল যাবৎ প্রচলিত কোনো নিয়ম
গ ধর্মীয়ভাবে স্বীকৃত আইন
ঘ সমাজের অভিজাত শ্রেণি কর্তৃক প্রবর্তিত আইন

৯. **আইনের শাসনের প্রাধান্য থাকলে সরকার এবং জনগণ—**
i. ক্ষমতার অপব্যবহার করবে
ii. আইনের বিধান মেনে চলবে
iii. ক্ষমতার অপব্যবহার থেকে বিরত থাকবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১০. **সাম্য কয় প্রকার?**
ক চার খ ছয়
গ আট ঘ দশ

১১. **রাজতন্ত্রকে কয় ভাগে ভাগ করা যায়?**
ক দুই খ তিন
গ চার ঘ পাঁচ

১২. **এককেন্দ্রিক সরকারের সংগঠন কোন প্রকৃতির?**
ক জটিল খ সরল
গ সাধারণ ঘ বিশাল প্রকৃতির

১৩. **এক দেশ, এক জাতি, এক নেতা কোন সরকারের আদর্শ?**
ক সমাজতান্ত্রিক খ গণতান্ত্রিক
গ একনায়কতান্ত্রিক ঘ যুক্তরাষ্ট্রীয়

১৪. **গণতন্ত্র বর্তমান যুগে প্রচলিত শাসনব্যবস্থাগুলোর মধ্যে—**
i. দুর্বল
ii. সর্বোৎকৃষ্ট
iii. সবেচেয়ে গ্রহণযোগ্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৫. **'সংবিধান হলো এমন এক জীবনপদ্ধতি, যা রাষ্ট্র স্বয়ং বেছে নিয়েছে'-উক্তিটি কার?**
ক এরিস্টটল খ ডাইসি
গ প্লেটো ঘ লর্ড ব্রাইস

১৬. **সংবিধান সংশোধন করতে কোন জটিল পদ্ধতির প্রয়োজন হয় না। সাধারণত সংখ্যাগরিষ্ঠতায় আইনসভার যেকোনো ধারা সংশোধন করতে পারে। এ জাতীয় সংবিধানের অন্যতম উদাহরণ কোনটি?**
ক বাংলাদেশের সংবিধান
খ ভারতের সংবিধান
গ যুক্তরাষ্ট্রের সংবিধান
ঘ ব্রিটিশ সংবিধান

১৭. **বাংলাদেশের সংবিধান কতটি ভাগে বিভক্ত?**
ক ১০টি খ ১১টি
গ ১২টি ঘ ১৩টি

১৮. **বাংলাদেশে কার জরুরি অবস্থা ঘোষণা করার ক্ষমতা রয়েছে?**
ক প্রধানমন্ত্রীর খ রাষ্ট্রপতির
গ প্রধান বিচারপতির ঘ সেনাপ্রধানের

১৯. **বাংলাদেশের প্রশাসনিক কাঠামো কয় স্তরবিশিষ্ট?**
ক দুই খ তিন
গ চার ঘ পাঁচ

২০. **সেনা, নৌ ও বিমানবাহিনীর প্রধানদের নিয়োগ দান করেন কে?**
ক প্রধানমন্ত্রী খ রাষ্ট্রপতি
গ সুপ্রিম কোর্ট ঘ হাইকোর্ট

২১. **সংসদীয় পদ্ধতির সরকারব্যবস্থায় রাষ্ট্রের সর্বোচ্চ ব্যক্তি কে?**
ক) প্রধানমন্ত্রী　খ) রাষ্ট্রপতি
গ) প্রধান বিচারপতি　ঘ) সেনাপ্রধান

২২. **সৌদি আরবের শাসনব্যবস্থা কীরূপ?**
ক) গণতান্ত্রিক　খ) সমাজতান্ত্রিক
গ) ধনতান্ত্রিক　ঘ) রাজতান্ত্রিক

২৩. **রাজনৈতিক দল জনগণের অভিমতকে সরকারের নিকট তুলে ধরে—**
i. সভা-সমাবেশের মাধ্যমে
ii. শোভাযাত্রা ও বক্তৃতার মাধ্যমে
iii. বিবৃতি ও প্রচারের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ক) i　খ) ii
গ) i ও ii　ঘ) i, ii ও iii

২৪. **জাতীয় পার্টি প্রতিষ্ঠিত হয় কখন?**
ক) ১ ডিসেম্বর, ১৯৮৫ সাল
খ) ১ জানুয়ারি, ১৯৮৬ সাল
গ) ১ ফেব্রুয়ারি, ১৯৮৭ সাল
ঘ) ১ মার্চ, ১৯৮৮ সাল

২৫. **গণতান্ত্রিক শাসন পদ্ধতির অন্যতম শর্ত কোনটি?**
ক) গণভোট　খ) সুষ্ঠ নির্বাচন
গ) প্রতিনিধি নির্বাচন　ঘ) দলীয় নির্বাচন

২৬. **উপজেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা কে?**
ক) জেলা প্রশাসক　খ) এমপি
গ) চেয়ারম্যান
ঘ) উপজেলা নির্বাহী অফিসার

২৭. **মহানগরীর পরিবেশ উন্নয়ন ও সৌন্দর্য বর্ধনের জন্য কাজ করবে—**
i. জেলা পরিষদ
ii. উপজেলা পরিষদ
iii. সিটি কর্পোরেশন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) ii ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:**

জনাব আনোয়ার হোসেন কালিদাসপুর পৌরসভার চেয়ারম্যান। তার মেয়াদকাল পাঁচ বছর। কিন্তু দু বছর সময় অতিবাহিত হওয়ার পর তাকে অপসারণ করে পুনরায় নির্বাচন দেওয়া হয়।

২৮. **জনাব আনোয়ার হোসেনের ন্যূনতম বয়স কত?**
ক) ১৮ বছর　খ) ২০ বছর
গ) ২৫ বছর　ঘ) ৩৫ বছর

২৯. **তার অপসারণের সম্ভাব্য কারণ হলো—**
i. তিনি ক্ষমতার অপব্যবহার করেছিলেন
ii. অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হয়েছিলেন
iii. যুক্তিসংঘত কারণ ব্যতীত তিনি পর পর পরিষদের তিনটি বৈঠকে অনুপস্থিত ছিলেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) ii ও iii
গ) i ও iiii　ঘ) i, ii ও iii

৩০. **আমাদের দেশে কারা বেশি সন্তান জন্ম দেয়?**
ক) কৃষক　খ) শ্রমিক
গ) দরিদ্র লোক　ঘ) উপজাতি

৩১. **সম্পদের তুলনায় অধিক জনসংখ্যা পরিবারের জন্যে কী বয়ে আনে?**
ক) অভিশাপ　খ) আশীর্বাদ
গ) লজ্জা　ঘ) অপমান

৩২. **খাদ্য নিরাপত্তা অর্জনের জন্যে কোনটি প্রয়োজন?**
ক) সঠিক খাদ্যনীতি
খ) বৈদেশিক সাহায্য
গ) খাদ্যের আমদানি বৃদ্ধি
ঘ) খাদ্যের মূল্যহ্রাস

৩৩. **লাহোর প্রস্তাবে মুসলিমদের জন্য কয়টি রাষ্ট্র গঠনের চিন্তা করা হয়েছিল?**
ক) একটি　খ) দুইটি
গ) তিনটি　ঘ) চারটি

৩৪. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কখন 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয়?**
ক) ২৩ জানুয়ারি, ১৯৬৯ সাল
খ) ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯
গ) ২৩ মার্চ, ১৯৬৯ সাল
ঘ) ২৩ এপ্রিল, ১৯৬৯

৩৫. **'পাকিস্তান প্রজাতন্ত্র দিবস' কোনটি?**
ক) ২৩ মার্চ　খ) ২৬ মার্চ
গ) ২৭ মার্চ　ঘ) ৩০ মার্চ

**নিচের ছকটি লক্ষ করো এবং ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও:**

গত বছর সাম্প্রদায়িক দাঙ্গায় পাবর্ত্য চট্টগ্রামের পরিস্থিতি খুবই খারাপ হয়। এ অবস্থায় শান্তি ফিরিয়ে আনার জন্য এলাকার দু গ্রুপের মধ্যে সমঝোতার মাধ্যমে শান্তি চুক্তি স্থাপন করা হয়। এ সময় এলাকার সমস্যা নিরসনের জন্য একটি সংগঠন গঠন করা হয়। এর নাম দেওয়া হয় শান্তি সংঘ। সংঘটি এরই মধ্যে এলাকায় বিভিন্ন ক্ষেত্রে অবদান রেখে চলেছে।

৩৬. **উদ্দীপকটি শান্তি সংঘের সাথে নিচের কোনটির মিল রয়েছে?**
ক) জাতিসংঘ　খ) লীগ অব নেশনস
গ) ওআইসি　ঘ) সার্ক

৩৭. **উক্ত সংগঠনটির প্রতিষ্ঠার মূল্য উদ্দেশ্য হলো—**
i. শান্তি প্রতিষ্ঠা
ii. দাঙ্গা নিরসন
iii. মানবাধিকার প্রতিষ্ঠা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) ii ও iii
গ) i ও iii　ঘ) i, ii ও iii

৩৮. **জাতিসংঘের বর্তমান মহাসচিব কে?**
ক) বান কি মুন　খ) জর্জ বুশ
গ) উথান্ট　ঘ) টেংকু আবদুর রহমান

৩৯. **বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় কমনওয়েলথভুক্ত কোন দেশটি এদেশকে বেশি সহায়তা করে?**
ক) পাকিস্তান　খ) ভারত
গ) মিয়ানমার　ঘ) নেপাল

৪০. **মিশরে অনুষ্ঠিত পররাষ্ট্রমন্ত্রী সম্মেলনে কতটি মুসলিম দেশ অংশ নিয়েছিল?**
ক) ১২টি　খ) ১৩টি
গ) ১৪টি　ঘ) ১৫টি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | খ | ১০ | খ |
| ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | খ |
| ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | গ |
| ৩১ | ক | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | ক | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | গ |